**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11-12-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন শিশুদের প্রতিভা এবং সৃজনশীলতার বিকাশে নিপুন ত্রিপুরার বিশেষ উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে |**

**(২) আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার জানিয়েছেন, বিজ্ঞানসম্মত উপায়ে আগরতলা শহরকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে প্রয়াস নেওয়া হয়েছে।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ ইম্ফলে বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।**

**(৪) ইন্ডিগো এই মাসের ৩, ৪ এবং ৫ তারিখে বিমান সংস্থার কার্যক্রম ব্যাহত হওয়ার কারণে ক্ষতিগ্রস্ত গ্রাহকদের ১০ হাজার টাকা ক্ষতিপূরণ ঘোষণা করেছে।**

*******************************************

**Nipun Fest–CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন শিশুদের প্রতিভা এবং সৃজনশীলতার বিকাশে নিপুন ত্রিপুরার বিশেষ উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে বুনিয়াদি শিক্ষা দপ্তর ও জেলা শিক্ষা কার্যালয়ের যৌথ উদ্যোগে আয়োজিত নিপুন ফেস্ট ২০২৫–এর উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, নিপুণ ত্রিপুরার সাফল্যে শিক্ষকরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন এবং তারাই এই লক্ষ্যে পূরণের মূল চালিকা শক্তি। নিপুন ত্রিপুরা কর্মসূচি রাজ্যের শেষ প্রান্তে বিদ্যালয়গুলিতেও পৌঁছে দিতে তিনি পরামর্শ দেন।

মুখ্যমন্ত্রী বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে মানসম্মত শিক্ষা নিশ্চিত করার জন্য বিভিন্ন নীতি ও কর্মসূচি প্রণয়ন করা রাজ্য সরকারের মূল লক্ষ্য। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে প্রবর্তিত নতুন শিক্ষা নীতির লক্ষ্য হল ছোটবেলা থেকেই জ্ঞান-ভিত্তিক শিক্ষা এবং দক্ষতা বিকাশের মাধ্যমে শিশুদের মৌলিক শিক্ষায় শিক্ষিত করে তোলা। তিনি বলেন, ২০২১ সালের ৫ই জুলাই দেশব্যাপী চালু হওয়া নিপুণ মিশনের লক্ষ্য হল ২০২৬-২৭ সালের মধ্যে দ্বিতীয় শ্রেণীর শিক্ষার্থীদের মৌলিক পঠন এবং গাণিতিক দক্ষতা অর্জনে সহায়তা করা।

#######Byte-CM#######

অনুষ্ঠানে বক্তব্য রাখেন শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার, বুনিয়াদি শিক্ষা দপ্তরের অধিকর্তা রাজীব দত্ত। অনুষ্ঠানে নিপুন ত্রিপুরা কর্মসূচিতে সাফল্যের জন্য শিক্ষার্থী, বিদ্যালয় পরিদর্শক, ডিস্ট্রিক্ট এডুকেশন অফিসারদের পুরস্কৃত করা হয়।

******************************

**CM-Charilam :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের জনজাতি অধ্যুষিত এলাকার উন্নয়নে রাজ্য সরকার ব্যাপকভাবে উন্নয়নমূলক কাজ করে যাচ্ছে। আজ সিপাহীজলা জেলার চড়িলামের সুতারমুড়ায় বিজেপির এক সভায় তিনি একথা বলেন। তিনি বলেন, জনজাতি এলাকায় রাস্তাঘাট থেকে শুরু করে সার্বিক পরিকাঠামো উন্নয়নের জন্য রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে। সভায় উপস্থিত ছিলেন বিজেপি-র প্রদেশ সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা, সম্পাদক ডেভিড দেববর্মা, যুবমোর্চার প্রাক্তন সভাপতি নবাদল বণিক প্রমুখ।

******************************

**Mayor :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার জানিয়েছেন, বিজ্ঞানসম্মত উপায়ে আগরতলা শহরকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে প্রয়াস নেওয়া হয়েছে। আজ আগরতলা সিটি সেন্টারে পুর নিগমের দপ্তরের সামনে আবর্জনা পরিষ্কারের ১৯টি নতুন গাড়ির উদ্বোধন অনুষ্ঠানে একথা বলেন তিনি। উপস্থিত ছিলেন পুর নিগমের কমিশনার ও কর্পোরেটরগণ।

****************************

**MLA Team :**

রাজ্য বিধানসভার উদ্যোগ বিষয়ক কমিটির সর্বদলীয় প্রতিনিধিদল আজ ঊনকোটি জেলা সদর কৈলাশহর সফর করেন। নেতৃত্বে ছিলেন কমিটির চেয়ারম্যান তথা বিধায়ক চিত্তরঞ্জন দেববর্মা। দলের অন্যান্যরা হলেন বিধায়ক মনোজ কান্তি দেব, বিধায়ক জিতেন্দ্র মজুমদার, ও বিধায়ক শৈলেন্দ্র চন্দ্র নাথ। তারা আজ কৈলাশহরের মনুভ্যালি চা-বাগান পরিদর্শন করেন ও হাতে এবং মেশিনের সাহায্যে চায়ের পাতা তোলা, চা-প্রক্রিয়াকরণ পদ্ধতি নিরীক্ষণ করেন। বাগিচা শ্রমিকদের অভিজ্ঞতা, কাজের ধরণ নিয়ে খোঁজখবর নেন। ভারত সরকারের মিশন বাৎসল্য সহ সরকারি কল্যাণমুখী প্রকল্প রূপায়ণ সম্পর্কে মতবিনিময় করেন। আগত প্রতিনিধিদের সম্মানে বাগিচা শ্রমিকরা ঝুমুর নৃত্য সহ নানা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়। পরিদর্শন শেষে কমিটির চেয়ারম্যান তথা বিধায়ক চিত্তরঞ্জন দেববর্মা আকাশবাণীকে জানান, আগামীদিনে আগরতলার নরসিংগড়ে চা নিলাম কেন্দ্র গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। চায়ের উৎপাদন বৃদ্ধি, চা-শিল্পের অগ্রগতির লক্ষ্যে কি কি করনীয় এ বিষয়ে কমিটি বিধানসভায় একটি রিপোর্ট পেশ করবে।

*************************

**Prashasan Gaon ki Ore-Khowai :**

খোয়াই জেলা প্রশাসনের উদ্যোগে আজ জেলা কনফারেন্স হলে "প্রশাসন গাঁও কে অর" বিষয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এই আলোচনার মূল উদ্দেশ্য হল কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের সুযোগ

সুবিধা আরোও বেশি করে প্রদান এবং বাস্তবায়নের জন্য নিয়ে প্রশাসনকে ছুটে যেতে হবে প্রতিটি গ্রামে গ্রামে। সভায় উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক রজত পান্থ, অতিরিক্ত জেলাশাসক অভেদানন্দ বৈদ্য, জেলা পুলিশ সুপার রানাদিত্য দাস। এক সাক্ষাৎকারে জেলাশাসক জানান, "প্রশাসন গ্রামে যাওয়া" মানে ভারত সরকারের একটি দেশব্যাপী প্রচারণা যার মূল লক্ষ্য গ্রামীণ এলাকায় জনসাধারণের অভিযোগের প্রতিকার এবং পরিষেবা প্রদান উন্নত করা। এই কর্মসূচি 'সুশাসন সপ্তাহ' নামে পরিচিত। এই কর্মসূচির মাধ্যমে জেলা কালেক্টর এবং কর্মকর্তারা গ্রাম পরিদর্শন করবেন, গ্রামে গ্রামে ক্যাম্প স্থাপন করবেন এবং ভূমি রেকর্ড, সার্টিফিকেট বিতরণ সহ সমস্ত ধরনের সরকারি শংসাপত্র প্রদান করবেন।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ ইম্ফলে বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ইম্ফলে পৌঁছোলে, ইন্ডিয়া রিজার্ভ ব্যাটালিয়নের একটি মহিলা

দল তাকে উষ্ণ অভ্যর্থনা এবং গার্ড অফ অনার প্রদান করে। তিনি প্রথমে ইম্ফলের রাজভবনে পৌঁছান। পরে, তিনি মাপাল কাংজেইবুং পোলো গ্রাউন্ডে একটি পোলো ম্যাচ দেখেন। পরে ইম্ফলের সিটি কনভেনশন সেন্টারে একটি নাগরিক সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দেন। এই অনুষ্ঠান থেকে তিনি বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন ও বক্তব্য রাখেন।

######Byte-President######

আগামীকাল রাষ্ট্রপতি ইম্ফলের নুপি লাল স্মৃতিসৌধে যাবেন এবং পুষ্পস্তবক অর্পণ করবেন। উল্লেখ্য, ১৯৩৯ সালের ১২ ডিসেম্বর ঔপনিবেশিক ব্রিটিশদের বিরুদ্ধে ন্যায়বিচারের জন্য লড়াই করা মণিপুরের সাহসী নারীদের স্মরণে এই সৌধটি নির্মাণ করা হয়। তারপর তিনি সেনাপতি যাবেন এবং জনসভায় ভাষণ দেবেন ও কিছু প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও উদ্বোধন করবেন।

****************************

**INDIGO :**

ইন্ডিগো এই মাসের ৩, ৪ এবং ৫ তারিখে তাদের বিমান চালনা কার্যক্রম ব্যাহত হওয়ার কারণে ক্ষতিগ্রস্ত গ্রাহকদের ১০ হাজার টাকা ক্ষতিপূরণ ঘোষণা করেছে। ইন্ডিগো জানিয়েছে যে এই ক্ষতিপূরণ ভ্রমণ ভাউচার হিসেবে দেওয়া হবে, যা আগামী ১২ মাসের মধ্যে ইন্ডিগোর ভবিষ্যতের যেকোনো ভ্রমণের জন্য ব্যবহার করা যেতে পারে। বিমান সংস্থা জানিয়েছে যে, সরকারি নির্দেশিকা অনুসারে বাধ্যতামূলক ক্ষতিপূরণ ছাড়াও, যেসব যাত্রীর উড়ান, ছাড়ার সময়ের ২৪ ঘন্টার মধ্যে বাতিল করা হয়েছে, তাদের ফ্লাইটের ব্লক সময়ের উপর নির্ভর করে ইন্ডিগো ৫,০০০ থেকে ১০,০০০ টাকা প্রদান করবে।

****************************

**Mukhyamantri Samipeshu :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সরকারী বাসভবনে আজ মুখ্যমন্ত্রী সমীপেষু অনুষ্ঠিত হয়। এই পর্বে মুখ্যমন্ত্রী সাব্রুমের প্রয়াত বর্গাচাষি সঞ্জীব দাসের সহধর্মিণী বন্দনা মজুমদার দাসের হাতে ৪ লক্ষ টাকার চেক তুলে দেন। সেই সঙ্গে তাদের দুই কন্যা সন্তানের একজনকে ৪ হাজার টাকা ভাতা প্রদান করার নির্দেশ দিয়েছেন এবং তাদের পারিবারিক রেশন কার্ডটিকে অন্ত্যোদয়ের অন্তর্ভুক্ত করার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। উল্লেখ্য, কিছুদিন পূর্বে এক দুর্ঘটনায় সাব্রুমের ইন্দিরা পঞ্চায়েতের বর্গাচাষী সঞ্জীব দাসের আকস্মিক মৃত্যু ঘটে। তাছাড়া মুখ্যমন্ত্রী আজ রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আসা জনগণের কথা শুনে তাঁদের সমস্যা সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। তিনি বলেন জনগণের সমস্যা নিরসনের উদ্যোগ রাজ্য সরকারের অন্যতম প্রধান লক্ষ্য।

****************************

**Chemist & Drugist :**

ত্রিপুরা কেমিস্ট এন্ড ড্রাগিস্ট এসোসিয়েশনের ৫০ বছর পূর্তি উপলক্ষে আগামী ২৮শে ডিসেম্বর আগরতলার সুকান্ত একাডেমিতে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনের সংগঠনের সাধারণ সম্পাদক সত্যব্রত দেবনাথ একথা জানিয়েছেন। তিনি জানান, এই বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থাকবেন সংগঠনের সর্বভারতীয় চেয়ারম্যান নরেন্দ্র জৈন।

****************************

**Cooch Behar Trophy :**

কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় তামিলনাড়ুর কাছে ইনিংস ও ২৭৭ রানে ত্রিপুরা পরাজিত হয়েছে। ডিন্ডিগোলের এন পি আর কলেজ মাঠে আজ ৮ উইকেটে মাত্র ৬৪ রান থেকে তৃতীয় দিনে খেলতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে ৭১ রানে সবাই আউট হয়ে যায়। ৩৭৪ রানে পিছিয়ে থেকে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে ৯৭ রান করতে সক্ষম হয়। এর আগে স্বাগতিক তামিলনাড়ু

৮ উইকেটে ৪৪৫ রান তুলে নিয়ে প্রথম ইনিংসের সমাপ্তির ঘোষনা দিয়েছিল।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে পশ্চিম জেলা, খোয়াই, গোমতী জেলা ও উত্তর ত্রিপুরা জেলায় ভারী কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২.৪ ডিগ্রি সেলসিয়াস।

*****************************